# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV YEAR OF OUR LORD JESUS CHRIST, AUGUST 2022 No. 06


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ১০৭:৩১-৪১

৩১। লোকে সদাপ্রভুর স্তব করুক, তাঁহার দয়া প্রযুক্ত, মনুষ্য-সন্তানদের জন্য তাঁহার আশ্চর্য কর্ম্ম প্রযুক্ত!

৩২। তাহারা প্রজা সমাজে তাঁহার প্রশংসা প্রতিষ্ঠা করুক, প্রাচীনদের সভাতে তাঁহার প্রশংসা করুক।

৩৩। তিনি নদী সকলকে প্রান্তরে, জলের উনুই সমূহকে শুষ্ক ভূমিতে পরিণত করেন,

৩৪। তিনি ফলবান দেশকে লবণ-প্রান্তর করেন, তথাকার নিবাসীদের কদাচরণ প্রযুক্ত।

৩৫। তিনি প্রান্তরকে জলাশয়ে, মরুভূমিকে জলের উনুই সমূহে পরিণত করেন;

৩৬। আর সেখানে তিনি ক্ষুধিত লোকদিগকে বাস করান, যেন তাহারা বসতি-নগর প্রস্তুত করে,

৩৭। এবং ক্ষেত্রে বীজ বপন ও দ্রাক্ষালতা রোপণ করে, এবং উৎপন্ন ফল সঞ্চয় করে।

৩৮। তিনি তাহাদিগকে আশীর্ব্বাদ করেন,তাই তাহারা অতিশয় বৃদ্ধি পায়, এবং তিনি তাহাদের পশুগণকে হ্রাস পাইতে দেন না।

৩৯। আবার তাহারা হ্রাস পায় ও অবনত হয়, উৎপীড়ন, বিপদ ও শোক প্রযুক্ত।

৪০। তিনি কর্তাদের উপরে তুচ্ছতা ঢালিয়া দেন, পথহীন মরুভূমিতে তাহাদিগকে ভ্রমণ করান; কিন্তু দরিদ্রকে দুঃখ হইতে উচ্চে স্থাপন করেন, আর মেষপালের ন্যায় পরিবার দেন।

# প্রকৃত ঈশ্বরের সন্তানদের পরিচিতি সমূহ

## THE IDENTITIES OF TRUE CHILDREN OF GOD!

এস. স্যাম সেলভারাজ

এছাড়াও তিনি অব্রামকে বললেন, "আমি সেই সদাপ্রভু, যিনি তোমাকে এই দেশের অধিকার দেওয়ার জন্য কলদীয় দেশের ঊর থেকে এদেশে বের করে এনেছি।"

কিন্তু অব্রাম বললেন, "হে সার্বভৌম সদাপ্রভু, আমি কীভাবে জানব যে আমি এদেশের অধিকার লাভ করব?"

তাই সদাপ্রভু তাঁকে বললেন, "তুমি আমার কাছে তিন বছর বয়স্ক এক-একটি বকনা-বাছুর, ছাগল, ও মেষ, ও একইসাথে একটি ঘুঘু, ও একটি কপোতশাবক নিয়ে এসো।"

অব্রাম এসব কিছু তাঁর কাছে আনলেন, সেগুলি দু-টুকরো কেটে অর্ধেক অর্ধেক অংশ পরস্পরের উল্টো দিকে সাজিয়ে রাখলেন; পাখিটিকে, অবশ্য তিনি দু-টুকরো করেননি।

পরে পশুপাখির শবগুলির উপর শিকারি পাখিরা নেমে এল, কিন্তু অব্রাম তাদের তাড়িয়ে দিলেন।

সূর্য যখন অস্ত যাচ্ছিল, অব্রাম তখন গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে পড়লেন, এবং ত্রাসজনক অন্ধকার তাঁর উপর নেমে এল।

সদাপ্রভু তখন তাঁকে বললেন, "নিশ্চিত জেনে রাখো যে তোমার বংশধরেরা ৪০০ বছর এমন একটি দেশে অপরিচিত মানুষ হয়ে বসবাস করবে, যা তাদের নিজস্ব নয়, এবং তারা ক্রীতদাসে পরিণত হবে এবং তাদের সাথে দুর্ব্যবহার করা হবে।

কিন্তু যে দেশে তারা ক্রীতদাস হয়ে থাকবে, সেই দেশটিকে আমি শাস্তি দেব, এবং শেষ পর্যন্ত তারা প্রচুর বিষয়সম্পত্তি নিয়ে বেরিয়ে আসবে (আদি ১৫:৭-১৪)।

অব্রাহাম ঈশ্বরকে **বিশ্বাস করেছিলেন**। আর এটি তাঁর পক্ষে ধার্মিকতারূপে গণ্য হয়েছিল (গালাতীয় ৪:৬)। অব্রাহামের কাছে ঈশ্বর যে প্রতিজ্ঞা করেছিলেন তা ৪৩০ বছর পর তাঁর বংশে সম্পূর্ণ হয়েছিল। যিনি প্রতিজ্ঞা দিয়েছিলেন তিনি বিশ্বস্ত এবং সেটি নিশ্চিতভাবে সম্পূর্ণ হয়েছিল। সুতরাং আমরা যখন সদাপ্রভুর উপর নির্ভর করি তখন তা আমাদের উপর ধার্মিকতারূপে গণ্য হয়।

### ঈশ্বর আমাদের কাছে কী প্রত্যাশা করেন?

ঈশ্বর আমাদের আরও বৃহত্তর স্তরে আশীর্ব্বাদ করতে চান। যার জন্য তিনি আমাদের কাছে বিশ্বাস এবং বাধ্যতা প্রত্যাশা করেন। ঈশ্বরের প্রত্যাশা সম্পর্কে আমাদের উপলব্ধি বর্ণনাতীত। **"আহা, ঈশ্বরের প্রজ্ঞার ঐশ্বর্য ও জ্ঞান কত গভীর! তাঁর বিচারসকল কেমন অন্বেষণের অতীত, তাঁর পথসকল অনুসন্ধান করা যায় না! প্রভুর মন কে জানতে পেরেছে? কিংবা কে তাঁর উপদেষ্টা হয়েছে?" কে কখন ঈশ্বরকে কিছু দিয়েছে, যে ঈশ্বর তা পরিশোধ করবেন?" কারণ সকল বস্তুর উদ্ভব তাঁর থেকে, তাঁর মাধ্যমে ও তাঁরই জন্য,তাঁরই মহিমা হোক চিরকাল! আমেন"** (রোমীয় ১১:৩৩-৩৬)।

এলিয় ভাববাদী একটি ছোট রুটি প্রত্যাশা করেছিলেন কিন্তু সারিফার বিধবা যতদিন না দুর্ভিক্ষ

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

"কারণ এই ঈশ্বর অনন্তকাল ধরে আমাদের ঈশ্বর;তিনি শেষ পর্যন্ত আমাদের পথপ্রদর্শক হবেন" ( গীত ৪৮:১৪)।



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


প্রিয় প্রেমাস্পদ ভাই ও বোনেরা,

জগতের ত্রাণকর্তা, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অপূর্ব নামে আপনাদের প্রীতি ও শুভেচ্ছা জানাই। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির উপর ঈশ্বরের গভীর আশীর্ব্বাদের জন্য আমরা তাঁকে ধন্যবাদ দিই। আমরা প্রার্থনা করি যাতে প্রভু তাঁর গৃহের প্রাচুর্যে তোমাদের পরিতৃপ্ত করেন।(গীত ৩৬:৮)।

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সম্পূর্ণ অনুগ্রহ এবং দয়ায়, আমরা আমাদের পরিচর্যার ৫৪তম বর্ষে প্রবেশ করছি। পরিচর্যার বিগত বছরগুলিতে আমাদের পরিচর্যা কাজে তাঁর বিশ্বস্ততা এবং ভালোবাসাপূর্ণ দয়ার জন্য আমরা প্রভুর প্রশংসা করি এবং তাঁকে ধন্যবাদ দিই। এই গুরুত্বপূর্ণ উপলক্ষ্যে আমরা সম্মানের সঙ্গে সারা পৃথিবীর সেই সমস্ত বন্ধুদের এবং অংশীদারদের স্মরণ করি এবং স্বীকার করি যারা আমাদের ভালো এবং কঠিন পরিস্থিতিগুলির মধ্যে আমাদের ভালোবাসা দিয়েছেন, প্রার্থনা করেছেন, আমাদের সাহায্য করেছেন এবং আমাদের পাশে থেকেছেন। আমরা নিশ্চিতভাবে জানি যে আপনাদের প্রতি আপনাদের ভালোবাসা এবং দয়া ছাড়া, আমরা আমাদের পরিচর্যা কাজে এই স্তরে পৌঁছাতে পারতাম না।

আমরা কৃতজ্ঞতার সঙ্গে আমাদের সমস্ত প্রাক্তন সহকর্মীদের স্মরণ করি যারা প্রভুর কাছে চলে গিয়েছেন, যেমন; ব্রাদার জি. কমলরত্নম আই.এ.এস., ব্রাদার ওয়ালার ডওসন, ব্রাদার এস.সি.বাকল, ব্রাদার জে.আর. জি.জেয়ানন্দ পলমনি এবং ব্রাদার ম্যানুয়েল এম.পলরাজ, যেহেতু তারা আমাদের পরিচর্যা কাজে মহান সহায়ক ছিলেন।

আমরা সারা ভারতে এবং আমাদের প্রতিবাসী দেশগুলিতে আরও অধিক মণ্ডলী স্থাপনের দ্বারা আমাদের পরিচর্যা কাজকে আরও সম্প্রসারিত করার পরিকল্পনা করছি। এই ৫৪তম বর্ষে আমাদের দর্শনের সম্পূর্ণতার জন্য আমরা আপনাদের কাছে প্রার্থনার অনুরোধ করছি।

কোভিড-১৯ এর লক ডাউনের জন্য বিগত কয়েক বছর আমরা প্রত্যাশা মত পর্যাপ্ত অগ্রসর হতে পারিনি। এখন পবিত্র আত্মা সেচনের দ্বারা শক্তঘাঁটিগুলিকে ভূমিসাৎ করার জন্য আমাদের অবিরত প্রার্থনা করার বিষয় এটিই সঠিক সময়।

নেপাল, বাংলাদেশ, পাকিস্থান এবং শ্রীলঙ্কার মতো দেশগুলিতে পৌঁছানোর জন্য আরও ভালো সুযোগ উন্মুক্ত করার জন্য আমরা আপনাদের কাছে অধ্যবসায়যুক্ত প্রার্থনার একান্ত কামনা করি। বিভিন্ন বাধাবিঘ্ন সত্ত্বেও আমাদের আস্থা আছে যে আমাদের ঈশ্বর সিংহাসনে অধিষ্ঠিত আছেন এবং সমস্ত কিছু তাঁর নিয়ন্ত্রণাধীন।

আপনার সমস্ত বিষয়ে উন্নতির জন্য এবং আপনার আত্মা যেমন কুশলে আছে তদ্রুপ তোমার শারীরিক এবং সর্বাঙ্গীন কুশলের জন্য আমরা অবিরত প্রার্থনা করি (৩ যোহন ২)।

*খ্রীষ্ট যীশুতে আপনদের দাস,*

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

সমাপ্ত হয়েছিল সেই সাড়ে তিন বছর রুটি পেয়েছিল (১ রাজা ১৭: ১৬-১৮)। আমাদের আয় কম হলেও ঈশ্বর আমাদের কাছে একটি অংশ আশা করেন যাতে তিনি তা অধিক আশীর্ব্বাদযুক্ত করতে পারেন। ঈশ্বরের সন্তানদের আশীর্ব্বাদের জন্য, তিনি তাদের আয়ের কমপক্ষে দশমাংশ চার্চে আনার জন্য আশা করেন যেখানে তাদের সহভাগিতা আছে। **"তোমরা সমস্ত দশমাংশ আমার ভাণ্ডারে নিয়ে এসো। এই বিষয়ে আমাকে পরীক্ষা করো,"** সর্বশক্তিমান সদাপ্রভু বলেন, **"এবং দেখো আমি স্বর্গের সব দরজা তোমাদের জন্য খুলে দিয়ে অনেক আশীর্ব্বাদ ঢেলে দিই কি না যা ধরে রাখার জন্য যথেষ্ট জায়গা হবে না"** (মালাখি ৩:১০)।

সব দিক থেকে দূর্দশাগ্রস্ত হওয়ায়, আপনার জীবন একটি গাম্ভীর্যপূর্ণ যুদ্ধক্ষেত্রে পরিণত হতে পারে; সম্ভবতঃ আপনি উদ্ধারের জন্য প্রতিক্ষা করছেন। সাহসী হন, ঈশ্বর আপনার পক্ষে আছেন। আপনি যদি আপনার পরিচিতি সম্পর্কে বিভ্রান্ত হন তাহলে ঈশ্বর কাজ করবেন না। আপনার কী করা উচিৎ?

## ১। আমাদেরকে আমাদের পদমর্যাদা রক্ষা করতে হবে

ঈশ্বরের সন্তান হিসাবে, আমরা এই পৃথিবীতে থাকলেও, এই জগতের নই। আমাদের নাগরিকত্ব স্বর্গে (ফিলিপীয় ৩:২০)। ঈশ্বর খ্রীষ্টের সঙ্গে আমাদের পুনরুত্থিত করে তাঁরই সঙ্গে আমাদের স্বর্গীয় স্থানে উপবেশন করিয়েছেন (ইফিষীয় ২:৬)। কয়েক সময় আমরা যীশুতে আমাদের মহিমান্বিত পদমর্যাদার কথা ভুলে যাই এবং হীন কাজ করে থাকি।

আসুন আমরা উদাহরণ হিসাবে ধরে নিই: প্রধান কার্যালয় থেকে একজন শাসকের অফিস ঠিক করে দেওয়া হয়েছে, যেখান থেকে তিনি কাজ করবেন। তিনি সেখানে সব সময় নাও থাকতে পারেন, যেহেতু তাঁকে বিভিন্ন দেশে ঘুরতে হবে। তিনি একটি অন্য দেশ পরিদর্শন করতে যেতে পারেন; তথাপি তাঁর নাগরিকত্ব এবং কার্যালয় পরিবর্তিত হয় না। তিনি যা তিনি তাই থাকেন এবং তাঁর নিজের দেশেরই অধিকারে থাকেন। একই ভাবে, ঈশ্বরের সন্তান পৃথিবীর যে কোনও দেশে থাকতে পারেন; কিন্তু তারা কেবলমাত্র স্বর্গেরই অধিবাসী। তারা এই জগতের নয়। আমরা এই জগতে প্রবাসী এবং সাময়িক অবস্থানকারী লোক এবং আমাদের অল্প সময়ের জন্য এখানে বাস করার অনুমতি দেওয়া হয়েছে। এই পৃথিবীতে আমাদের দিনগুলি একটি ছায়ার মতো (১ বংশা ২৯:১৫)। গীত রচয়িতা বলেছেন, এই পৃথিবীতে আমি এক প্রবাসী (গীত ১১০:১৯); আমি যেখানেই বাস করি না কেন, তোমার নির্দেশাবলীই আমার গানের বিষয়বস্তু (গীত ১১৯:৫৪); প্রেরিত পিতর বলেছেন, আমরা এই পৃথিবীতে মনোনীত প্রবাসী (১ পিতর ১:১,২)।

উপরোক্ত সত্যটি মনে রেখে এই পৃথিবীতে বাস করার জন্য আমরা আহূত হয়েছি। এছাড়াও, আমাদেরকে স্বর্গের জন্য ধন সঞ্চয় করতে বলা হয়েছে (মথি ৬: ১৯,২০)। আমরা এই পৃথিবীর যে কোনও দেশে বাস করতে পারি, যে কোনও ভাষায় কথা বলতে পারি, কিন্তু আমাদের সব সময় মনে রাখতে হবে যে, আমরা ঈশ্বরের রাজ্যের অধিবাসী। যাইহোক, আমরা যে দেশে বাস করি সেই দেশের সংস্কৃতি এবং রীতিনীতিগুলিকে আমাদের অবশ্যই আরোপিত করতে হবে। প্রত্যেকটি বিষয়ের জন্য আমাদের ঈশ্বরের প্রশংসা করতে হবে এবং পরস্পরের প্রতি আমাদের গভীর অনুরক্তি থাকতে হবে। বাইবেলে এই বিষয়টিকে এইভাবে ব্যাখ্যা করা হয়েছে: "আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে সব বিষয়ের জন্য সবসময় পিতা ঈশ্বরকে ধন্যবাদ দাও। খ্রীষ্টের জন্য সম্ভ্রমবশত একে অপরের বশীভূত থাকো। স্ত্রীরা, তোমরা যেমন প্রভুর, তেমনই স্বামীদের বশ্যতাধীন হও" (ইফিষীয় ৫:২০-২২)। স্বামীরা,তোমরা নিজের নিজের স্ত্রীকে ভালোবাসো (ইফিষীয় ৫:২৫,২৮)।

আমাদের জীবনের সমস্ত দিকে, আমাদের পবিত্র হওয়া উচিৎ যেহেতু আমাদের প্রভু পবিত্র (১ পিতর ১:১৫)। "সেদিন সদাপ্রভুর উদ্দেশে পবিত্র, এই কথা ঘোড়ার গলার ঘণ্টার উপরে খোদাই করা থাকবে..." (সখরিয় ১৪:২০)। "ইস্রায়েল ছিল সদাপ্রভুর কাছে পবিত্র, তাঁর শস্যের অগ্রিমাংশ" (যিরমিয় ২:৩)। "এরা তারাই, যারা নারী-সংসর্গে নিজেদের কলুষিত করেনি, কারণ তারা নিজেদের শুচিশুদ্ধরূপে রক্ষা করেছিল। মেষশাবক যেখানেই যান, তারা তাঁর অনুসরণ করে। তারা মানুষদের মধ্য থেকে ক্রীত হয়েছিল এবং ঈশ্বর ও সেই মেষশাবকের উদ্দেশে প্রথম ফসলরূপে নিবেদিত হয়েছিল" (প্রকাশিত বাক্য ১৪:৪)।

আমাদের সমস্ত আচার আচরণে আমাদের স্বর্গীয় নাগরিকত্ব প্রতিফলিত হওয়া উচিত। সমস্ত দিক থেকে রক্ষাসহ আমাদের এটি বজায় রাখতে হবে। কয়েক সময় আমরা জিজ্ঞাসা করতে পারি, কেন আমার ভুল করা উচিত নয় যখন অন্যরা ভুল করে? এই ধরণের পরিস্থিতিগুলির মধ্যে, আমাদের অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে যে অন্যরা করলেও, আমাদের করা উচিত নয়। আমার পালক রেভাঃ সুন্দরম বলতেন, "অন্যরা করতে পারে, কিন্তু আমার করা উচিত নয় এবং আমি করবো না"।

সুতরাং, সমস্ত পরিস্থিতির মধ্যে, আমাদের অনুপম এবং পৃথকীকৃত জীবন যাপন করা উচিত। কিছু খ্রীষ্টান বলেন যে তাদের ধর্মনিরপেক্ষ কাজগুলি এবং পেশাগুলি এবং আত্মিক জীবনের মধ্যে কোনও সম্পর্ক নেই। তাদের সুখ, ভালোবাসা এবং সত্য, যা চার্চের মধ্যে পাওয়া যায় তা তাদের কর্মক্ষেত্রে এবং তাদের পেশার মধ্যে পাওয়া যায় না। কয়েক জন্য ব্যবসার মধ্যেও প্রভুর কাজ করেন। তারা ব্যবসার মধ্যে সত্যের বিষয়টি বড় একটা মেনে চলে না। যারা কাজ করে, তারা অন্যদের মতো তাদের ব্যবসা চালিয়ে যায়, যাদের মধ্যে অধিকাংশই অবিশ্বস্ত। তারা অন্যদের ঠকায়, তাদের ব্যবসা সংক্রান্ত কৌশলগুলি তারা এমনকি প্রভুর পরিচর্যা কাজে এবং তাদের যিনি আত্মিক খাদ্য দেন সেই পালকদের প্রতিও ব্যবহার করে। তাদেরকে যখন উপদেশ দেওয়া হয়, তারা সাধারণতঃ বলে থাকে: "পরিচর্যা এবং ব্যবসা ভিন্ন বিষয়"। এই ধারণাটি সম্পূর্ণ ভুল। ঈশ্বরের সন্তানদের তাদের জীবনের প্রতিটি দিকে পবিত্রতা বজায় রাখা উচিত যা ঈশ্বরের প্রকৃত সন্তানরা করে থাকেন। "আমরা কারও পথে কোনো বাধার সৃষ্টি করি না, যেন আমাদের পরিচর্যা কলঙ্কিত না হয়" (২ করিন্থীয় ৬:৩)।

### একটি অভিজ্ঞতা

একবার আমি ঈশ্বরের এক অতিপরিচিত দাসের কাছে গিয়েছিলাম, যিনি ঈশ্বরের কাজ করতেন এবং বাদ্যযন্ত্র কেনাবেচার ব্যবসা করতেন, আমি আমার জন্য একটি অ্যাকোরডিয়ান কেনার জন্য তার কাছে গিয়েছিলাম। একটি বিশেষ বাদ্য যন্ত্র দেখিয়ে তিনি আমাকে বলেছিলেন যে এটি পৃথিবীর সব থেকে বিখ্যাত কম্পানীর তৈরী। আমি তার নির্ধারিত মূল্য পরিশোধ করে বাদ্যযন্ত্রটি ক্রয় করেছিলাম। দূর্ভাগ্যবশতঃ, এক সপ্তাহের মধ্যেই আমার পরিচর্যা কাজের জন্য টাকার জরুরী প্রয়োজন ছিল। সুতরাং, আমি সেই নতুন অ্যাকোরডিয়ানটা তার কাছে নিয়ে গিয়েছিলাম এবং তাকে আমার অবস্থার কথা জানিয়ে আমি সেটি বিক্রি করার প্রস্তাব দিয়েছিলাম। সঙ্গে সঙ্গে সে আমাকে বলেছিল, "কে এটা কিনবে? এর প্রস্তুতকারক এখন আর বাজারে টিকে নেই। কত বছর আগে তাদের কারখানা বন্ধ হয়ে গিয়েছে। এটা এখন আর বিক্রয়যোগ্য পণ্য নয়"। আর সে আমাকে এটা

বাড়ীতে ফিরিয়ে নিয়ে যেতে বলেছিল। প্রিয় ঈশ্বরের সন্তানগণ, আমাদের সেই রকম হওয়া উচিত নয়। আমাদের ঈশ্বরের সন্তান হওয়ার পদমর্যাদা থেকে পিছলিয়ে পড়ে যাওয়া উচিত নয়। বিভিন্ন পেশায় নিযুক্ত খ্রীষ্টানদের খুব সতর্ক হওয়া উচিত এবং সর্ব সময়ে সমস্ত বিষয়ে তাদেরকে তাদের মর্যাদা তুলে ধরতে হবে।

বিশ্বাসীদের জাগতিক লোকদের সঙ্গে মিশে যাওয়া উচিত নয় এবং মদ্যপান, নৃত্যে লিপ্ত হওয়া উচিত নয়, ঘুঁষ নেওয়া উচিত নয়, কোনও মাদক বিক্রি করা উচিত নয়, ব্যবসার ক্ষেত্রে কোনও অসাধু উপায় গ্রহণ করা উচিৎ নয়।

## আরেকটি অভিজ্ঞতা

একবার আমি আমার এক বন্ধুকে একজন বিখ্যাত ডাক্তারের কাছে নিয়ে গিয়েছিলাম। আমরা উভয়েই তাঁর চেম্বারে প্রবেশ করেছিলাম। ভেতরে অনেক চিকিৎসার যন্ত্রপাতি ছিল। কিন্তু চেম্বারে চেয়ারগুলি খালি ছিল। আমরা যখন ভেতরে গিয়েছিলাম, কয়েক জন লোককে সেখানে গল্পগুজব করতে এবং হাসাহাসি করতে দেখেছিলাম। আমরা একজনকে শুভেচ্ছা জানিয়েছিলাম এবং তার কাছে আমার বন্ধুর সমস্যাগুলি ব্যাখ্যা করতে শুরু করেছিলাম, আমরা তাকে ডাক্তার মনে করেছিলাম, যার সঙ্গে আমরা আজ সাক্ষাত করতে এসেছিলাম। আমাদের সম্মান ভুল ব্যক্তির কাছে গিয়েছিল! ঈশ্বর আমাদের অনুগ্রহপূর্ণভাবে যে পদমর্যাদা দিয়েছিলেন তা আমাদের সম্ভ্রমের সঙ্গে রক্ষা করা উচিত। আমাদের এটি খাটো করা উচিত নয়। **"সেই কারণে ভাইবোনেরা, তোমাদের আহ্বান ও মনোনয়ন সম্পর্কে সুনিশ্চিত হওয়ার জন্য তোমরা সবাই আরও বেশি আগ্রহী হও। কারণ তোমরা এসব বিষয় সম্পন্ন করলে তোমাদের কখনও পতন হবে না। আর তোমরা আমাদের প্রভু ও পরিত্রাতা যীশু খ্রীষ্টের শাশ্বত রাজ্যে সাদর অভ্যর্থনা লাভ করবে"** (২ পিতর ১:১০,১১)।

ঈশ্বরের সন্তানদের প্রভু যে পদমর্যাদাগুলি দিয়েছিলেন সেই বিষয়টিকে তাদের সব সময় সম্মান করতে হবে। বিশ্বাসীদের এবং ঈশ্বরের দাসদের খুব যত্নসহকারে তাদের দায়িত্বগুলি সম্পূর্ণ করতে হবে। এই পৃথিবীতে ঈশ্বরের সন্তানদের উচ্চিকৃত করা হয়েছে। তারা যদিও এই পৃথিবীতে বাস করে, তাদের আকাঙ্খিত গন্তব্য স্থান হচ্ছে ঈশ্বরের রাজ্য।

## ২। পরিত্রাণের বস্ত্র

**"আমি সদাপ্রভুতে মহা আনন্দ করি; আমার প্রাণ আমার ঈশ্বরে উল্লসিত হয়। যেভাবে বর শোভার জন্য যাজকের মতো মাথায় উষ্ণীষ দেয়, যেভাবে কন্যা তার রত্নরাজি দিয়ে নিজেকে সুশোভিত করে, সেভাবেই তিনি আমাকে পরিত্রাণের পোশাক পরিয়েছেন, আমাকে তাঁর ধার্মিকতার বসনে সুসজ্জিত করেছেন"** (যিশাইয় ৬১:১০)।

পোশাক মানুষকে আকর্ষণীয় করে তোলে। হাসপাতালে, ডাক্তারদের এবং প্যারা- মেডিকাল কর্মীদের তাদের সম্পাদিত কার্য অনুসারে বিভিন্ন প্রকারের পোশাক দেওয়া হয়। দারোয়ান, আবর্জনা দূরীকরণ সংক্রান্ত কর্মীদের, নার্স এবং ডাক্তারদের ক্ষেত্রেও একই রকমভাবে বিভিন্ন পোশাক দেওয়া হয়। পোশাক তাদের কর্তব্যের বিষয় বলে।

একইভাবে, যারা যীশু খ্রীষ্টের রক্ত দ্বারা পরিষ্কৃত হয়েছে তাদেরকে পরিত্রাণের বস্ত্র প্রদত্ত হয়েছে। **"তোমাদের অতীত জীবনধারা সম্বন্ধে তোমরা শিক্ষা পেয়েছ যে, তোমাদের পুরানো সত্তাকে পরিহার করতে হবে, যা তার বহুবিধ ছলনাময় অভিলাষের দ্বারা কলুষিত হয়ে উঠেছে। তোমাদের মানসিকতাকে নবায়িত করতে হবে; প্রকৃত ধার্মিকতা এবং পবিত্রতায় ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট নতুন সত্তাকে পরিধান করতে হবে"** (ইফিষীয় ৪: ২২-২৪)।

কয়েক জন লোক আমাদের পরিচিত নাও হতে পারে, কিন্তু তারা যদি পরিত্রাণপ্রাপ্ত হয়ে থাকে, তাহলে আমরা তাদের মধ্যে স্বর্গীয় স্বভাব এবং পরিত্রাণের আনন্দ উপলব্ধি করতে পারবো। কেবল আমাদের চার্চের মধ্যে নয় কিন্তু আমাদের কর্মক্ষেত্রগুলিতে, বাজারে এবং অন্যান্য স্থানে, যদি অন্যরা আমাদের ঈশ্বরের সন্তান হিসাবে চিহ্নিত করতে পারে, তাহলে প্রভুর আশীর্ব্বাদ আমাদের সহবর্তী হবে।

আজকের দিনগুলিতে এমনকি আত্মিক লোকেরাও লোকজনের মধ্যে প্রভু, ঈশ্বর, পরিত্রাণ, প্রার্থনা ইত্যাদি শব্দগুলি ব্যবহার করতে অনিচ্ছুক হন। চার্চে যাওয়ার সময় তাদের হাতে পবিত্র বাইবেল বহন করার বিষয়টি তার হীনমর্যাদার বিষয়রূপে অনুভব করেন। এই দিনগুলির লোকেরা এই সত্যের বিষয় অসচেতন যে, "বাইবেল বহনকারী হস্ত এবং প্রভুর সামনে প্রার্থনায় জানুপাতকারী জীবন কখনও ব্যর্থ হয় না"।

একবার আমি আমার পরিবারের সঙ্গে একটা হোটেলে গিয়েছিলাম। খাওয়া শুরু করার আগে, একটি ভালো দিন এবং খাবার দেবার জন্য আমরা প্রভুর প্রশংসা করে প্রার্থনা করেছিলাম। আমরা যখন প্রার্থনা শেষ করেছিলাম, আমরা আমাদের কাছেই

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यम: हिन्दी

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE (ECHO GROUP)

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd.: 1969

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल
डिप्लोमा ऑफ थियोलॉजी – 2 साल

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
✶ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ✶

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে আগস্ট থেকে ১৮ই সেপ্টেম্বর, ২০২২)



**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**আগস্ট ১৯ :** আমাদের সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের দশম শ্রেণীর শিক্ষার্থীরা সরকারী পরীক্ষায় শতকরা ১০০ ভাগ উত্তীর্ণ হয়েছে।

**দিন ২০:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির পালকদের এবং বরিষ্ঠ সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২২:** আমাদের সুসমাচার ছাপাখানা এবং এর দক্ষ কর্মীসহ অবিরত কাজ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৩:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস থেকে ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা ছাপাতে এবং বিভিন্ন স্থানে পাঠাতে আমাদের সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৪:** কর্মক্ষেত্রগুলিতে আমাদের মিশনারীদের এবং তাদের পরিবারগুলিকে রক্ষা করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** আমাদের প্রধন মণ্ডলীতে এবং শাখামণ্ডলীগুলিতে রবিবারের উপাসনাগুলির জন্য এবং বাক্যের পরিচর্যার জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**দিন ২৬:** আমাদের মণ্ডলীগুলিতে নতুন সদস্যদের যোগদানের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** আমাদের সমর্থকদের আশীর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**দিন ২৮:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারের প্রতি তাঁর তত্ত্বাবধানের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৯:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের সহযোগীতার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৩০:** আমাদের নহিমিয় বাইবেল কলেজে নতুন শিক্ষার্থীদের লাভ করতে সক্ষম করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৩১:** গতমাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**সেপ্টেম্বর ০১:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের** উপর তাঁর আশীর্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০২:** মিশন কর্মীদের মহা প্রতিশ্রুতিবদ্ধতার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০৩:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের নতুন ভর্তির জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের নতুন ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** পরিচর্যা কার্যকলাপগুলিতে আমাদের অংশীদারদের এবং আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার রাজ্য সমন্বয়কারীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের পরিচর্যাসংক্রান্ত সম্প্রসারণ এবং পৃথিবীব্যাপী সুসমাচার প্রচারের জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌছাতে আমাদের সক্ষম করার জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** সমস্ত দেশে ঐক্য এবং শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির সমস্ত সদস্যদের সুফলের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** সারা পৃথিবীর সমস্ত মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ- শক্তির হাত থেকে রক্ষা করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** আমাদের সমস্ত কর্মীরা এবং ছাপাখানার কর্মীরা তাদের কাজের সময় যতক্ষণ আমাদের অফিসের মধ্যে থাকবে ততক্ষণ তাদের নিরাপদে এবং সুস্থ রাখার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** ঈশ্বর যেন আমাদের নহিমিয় বাইবেল কলেজে আরও নতুন শিক্ষার্থী দেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪:** সমস্ত মদ্যপানে আসক্ত এবং মন্দ কার্যকারীদের প্রভু যেন অনুতাপের মধ্যে নিয়ে আসেন তার জন্য আমরা প্রভুর কাছে অনুরোধ জানাই।

**দিন ১৫:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল যেন ২০২২-২৩ শিক্ষাবর্ষে আরও অধিক নতুন শিক্ষার্থীদের ভর্তি করাতে পারে তার জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** ঈশ্বর যেন আমাদের এই মাসের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** ঈশ্বর যেন সারা পৃথিবীর সমস্ত খ্রীষ্ট বিশ্বাসীদের শান্তি এবং সুখ দেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের রাজ্য সমন্বকারীদের এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

বসে থাকা কয়েক জন্য খ্রীষ্টানকে আমাদের উদ্দেশে ঠাট্টা করে হাসাহাসি করতে দেখেছিলাম। তাদের দৃষ্টি এবং কার্যকলাপ দেখে মনে হচ্ছিল তারা বলতে চাইছিল: "আজকের দিনেও এই ধরণের স্বভাবের লোক আছে"। আসুন আমরা এই বিষয়টি ছেড়ে দিই।

সমস্ত স্থানে এবং সমস্ত পরিস্থিতির মধ্যে, ঈশ্বরের সন্তান হিসাবে আমাদের অবশ্যই এই উত্তম বিষয়গুলি উৎপন্ন করতে শিখতে হবে। যারা আমাদের দেখে তারা যেন অবশ্যই বুঝতে পারে যে আমরা পরিত্রাণ পেয়েছি। আমাদের সংস্কৃতি এবং প্রকৃতি থেকে আমরা জিজ্ঞাসা করতে পারি, "আপনি কি খ্রীষ্টান? আপনি কি পরিত্রাণ প্রাপ্ত পুরুষ/নারী? সেই ব্যপ্তি অনুসারে আমাদের চেহারা এবং পোশাক বজায় রাখা উচিত? আমাদের মুখ যেন আমাদের হৃদয়কে প্রতিফলিত করতে পারে।

একবার আমি আমার মিশনযাত্রায় কানাডায় গিয়েছিলাম। একজন পরিপক্ক ঈশ্বরের লোক আমাকে তাদের মণ্ডলীতে পরিচর্যা করতে বলেছিলেন। তিনি খুব দয়ালু ছিলেন। আমি তাঁর মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তি দেখতে পেয়েছিলাম। সন্ধ্যার সময় তিনি আমাকে একটি জায়গায় নিয়ে গিয়েছিলেন এবং আমাকে শিক্ষা দিয়েছিলেন, কীভাবে একজন ঈশ্বরের লোককে পোশাক পড়তে হবে এবং অন্যান্য আচরণ করতে হবে। যে প্রচারকগণ মদ্যপান করার বিষয় এবং সামান্য আমোদ প্রমোদের লিপ্ত হওয়ার বিষয় লোকদের তিরস্কার করেন তাদের নিজেদের এই সমস্ত বিষয় থেকে দূরে থাকার বিষয় প্রত্যাশা করা হয়। কিন্তু কিছু লোক আছেন যারা বিমানে ওঠেন এবং বিদেশে তাদের খুশী মতো জীবন যাপন করেন! এটি অত্যন্ত দুঃখজনক বিষয়।

রাস্তার মধ্যে গাড়ীগুলো দ্রুতবেগে চলতে থাকে। গাড়ীগুলো অত্যন্ত বেগে ছুটলেও, যখন ট্রাফিক পুলিশ "স্টপ" সিগনাল দেখায়, সমস্ত গাড়ীগুলো থেমে যায়। এখানে আমরা ইউনিফর্ম পরিহিত ট্রাফিক পুলিশের দেখানো "স্টপ" সিগনালের সঙ্গে ইউনিফর্ম না পরিহিত ট্রাফিক পুলিশের "স্টপ" সিগনালের মধ্যে ব্যাপক পার্থক্য দেখতে পাই। সে যে ইউনিফর্ম পরিধান করে, তা তার কতৃত্বের সত্যতা প্রমাণ করে। আমাদের আত্মিক জীবনে, আমাদের পরিত্রাণের অভিজ্ঞতা আমাদের কর্তৃত্ব দেয়, এবং সমস্ত মন্দতা থেকে আমাদের সুরক্ষা দেয়।

গীত সংহিতা ১৮:৩৫ পদে আমাদেরকে এইভাবে বিষয়টি বলা হয়েছে: **"তুমি আমাকে তোমার বিজয়ের ঢাল দিয়েছ, তোমার ডান হাত আমায় সহায়তা করে; তোমার সাহায্য আমায় করেছে মহান।** দেখুন, আমাদের যদি শান্তিতে বাস করতে হয়, তাহলে আমাদের প্রভুর পরিত্রাণের ঢাল তুলে ধরতে হবে। এটি আমাদের সমস্ত মন্দতা এবং বিপর্যয়ের হাত থেকে রক্ষাকারী একটি ঢাল হিসাবে কাজ করে। সুতরাং, সমস্ত পরিস্থিতিগুলির মধ্যে, পরিত্রাণ একটি ঢালের মতো আমাদের রক্ষা করে।

আমরা যখন দিয়াবলের এবং জগতের লোকদের সম্মুখীন হই, তখন পরিত্রাণের বস্ত্র (ঢাল) আমাদের সুরক্ষা করে। পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত আমার এক বন্ধু, আমাকে একটি সত্য গল্প বলেছিল। একজন ব্যক্তিকে মন্দ আত্মা ধরেছিল এবং তাকে এক অব্যক্ত ক্লেশের মধ্যে জর্জরিত করেছিল। সে খাদ্য গ্রহণ করতে পারতো না। তার কাছ থেকে যে কেউ যেতো তাকে সে আক্রমণ করতো। তার পরিবার তার জন্য প্রার্থনা করার জন্য তাকে আমার বন্ধুর কাছে নিয়ে এসেছিল।

ঈশ্বরের সেই দাস যখন প্রার্থনা করতে শুরু করেছিল, অসুস্থ লোকটির মধ্যের মন্দ আত্মাটি বলেছিল: "এই ব্যক্তি জীবন্ত ঈশ্বর, যীশু খ্রীষ্টের আরাধনা করে। কিন্তু সে সম্প্রতি এই গ্রামে আত্মার উদ্দেশে বলিদানে অংশগ্রহণ করেছিল। সুতরাং, আমি এসেছি এবং আমি তার সঙ্গে থাকবো। আমি তার আর অধিক অনিষ্ট করতে পারবো না কারণ তারা বাবা মা তাকে খ্রীষ্টে দীক্ষা গ্রহণ করার সময় তার নাম রেখেছে, ইম্মানুয়েল। যেহেতু সে এই নাম বহন করছে, আমি তাকে ধ্বংস করতে পারবো না"। দেখুন, শয়তান কীভাবে এমনকি ইম্মানুয়েল নামটির সামনে ক্ষমতাহীন হয়ে যায়?

সুতরাং, আমরা যখন খ্রীষ্টিয় নামকরণ করবো তখন আমাদের খুব সতর্ক হওয়া উচিত। কয়েক জন বাবা মা চিন্তা না করেই নামকরণ করেন, উচ্চারণ করতে কঠিন হলেও খ্রীষ্টিয় নামকরণ করুন। আপনার সন্তানদের বাইবেল থেকে নামকরণ করুন এবং উল্লসিত হন। আপনারা আত্মিক নেতাদের এবং মিশনারীদের নামানুসারেও তাদের নামকরণ করতে পারেন এবং তাদেরকে একটি বিজয়ী জীবন যাপন করতে সক্ষম করতে পারেন। এই বিষয়গুলি তাদেরকে দীর্ঘায়ু দান করবে এবং তাদের জীবনে উত্তম লক্ষ্য দান করবে। **"দেখো, আমি চোরের মতো আসছি! ধন্য সেই মানুষ, যে জাগ্রত থেকে তার পোশাক সঙ্গে রাখে, যেন সে নগ্ন না হয় ও তার লজ্জা প্রকাশ না হয়ে পড়ে"** (প্রকাশিত বাক্য ১৬:১৫)।

## ৩। পৃথকীকৃত জীবন হচ্ছে একটি বিজয়ী জীবন।

**"অতএব যেহেতু তোমরা ঈশ্বরের প্রিয় সন্তান, তোমরা ঈশ্বরেরই অনুকরণ করো এবং প্রেমে চলো,**


# নহিমিয় বাইবেল কলেজ
## সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE (ECHO GROUP)

**মাধ্যম: তামিল**

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969

*Registered Candidate for Membership*
Asia Theological Association (ATA)
**৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত**

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**
**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**
**শিক্ষগত যোগ্যতা:** দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**
**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

**যেমন খ্রীষ্ট! আমাদের ভালোবসেছেন এবং নিজেকে সুরভিত নৈবেদ্য ও বলিরূপে ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করেছেন। কিন্তু, তোমাদের মধ্যে যেন বিবাহ-বহির্ভূত যৌনাচার, কোনও ধরণের কলুষতা বা লোভের লেশমাত্র না থাকে। কারণ ঈশ্বরের পবিত্রজনেদের পক্ষে এ সমস্ত অনুচিত কর্ম। কোনও রকম অশ্লীলতা, নির্বোধের মতো কথাবার্তা বা স্থূল রসিকতা যেন শোনা না যায়, কারণ এ-সবই অসংঙ্গত; বরং ধন্যবাদ জ্ঞাপন করো। কারণ এ ব্যাপারে তোমরা নিশ্চিত হতে পারো যে, বেশ্যাসক্ত, অশুদ্ধাচারী বা লোভী ব্যক্তি প্রতিমাপূজকের মতো; খ্রীষ্টের ও ঈশ্বরের রাজ্যে তাদের কোনো অধিকার নেই"** (ইফিষীয় ৫:১-৫)

কয়েক জন লোক এই পৃথিবীতে তাদের খুশী মতো জীবন যাপন করার এবং কথা বলার নীতি সহ জীবন যাপন করে। কিন্তু ঈশ্বর চান তাঁর লোকেরা যেন এই জগতের বিষয়গুলি অনুসরণ না করে। জাগতিক লোকেরা বলে জগতের সঙ্গে তালমিলিয়ে চলো। কিন্তু ঈশ্বরের ইচ্ছা হচ্ছে যে আমরা যেন একটি পৃথকীকৃত জীবন যাপন করি। কিন্তু পৃথকীকৃত হওয়ার ভানকারী কিছু খ্রীষ্টান, এমনকি অন্য খ্রীষ্টানদের সঙ্গেও যুক্ত হন না এবং তারা দাবি করেন যে তারা পৃথকীকৃত এবং তারা অন্যদের থেকে ভালো শাস্ত্র জানেন। এটি ভুল, শাস্ত্র দ্বারা শিক্ষিত পৃথকীকৃত জীবন কিছুটা ভিন্ন। খ্রীষ্টানদের এক সঙ্গে হওয়ার বিষয়টিতে কোনও ভুল নেই। আমাদের সঠিক অর্থে বিষয়টি বুঝতে হবে এবং পৃথকীকৃত জীবনের জন্য নিম্নলিখিতি বিষয়গুলি মেনে চলতে হবে।

### ক) ঈশ্বরকে অনুসরণ করার জন্য

আজকের দিনে অনেক খ্রীষ্টানরা রাজনীতিতে যোগদান করছেন। তারা যদি সেখানেও সত্যকে বজায় রাখতে পারেন, তাহলে ঈশ্বরের নাম কলুষিত হবে না। লোকদের সেবা করার একটি উপায় হিসাবে তারা এটি গ্রহণ করতে পারেন। কিন্তু এটি তাদের জীবনের প্রথম ভালোবাসা হওয়া উচিত নয়। তাদের জীবনে যীশু প্রথম হওয়া উচিত। কিন্তু কিছু সংখ্যক পাস্টর রাজনীতিতে ঝাঁপিয়ে পড়েন এবং তাদের সময় এবং প্রতিভাগুলি নষ্ট করেন। যে সময় এবং টাকা তাদের মণ্ডলীর জন্য এবং পরিবারের জন্য খরচ করা উচিত তা রাজনীতির জন্য খরচ করা উচিত নয়। ঈশ্বরের পরিচর্যা কাজে যে পালকেরা আহূত হয়েছেন, তাদের রাজনীতির মধ্যে নাক গলানো উচিত নয়।

### খ) জাগতিক বিষয়গুলিতে জড়াবেন না

**"অতএব, বৎস আমার, খ্রীষ্ট যীশুতে স্থিত অনুগ্রহে তুমি শক্তিশালী হও। ...তুমি খ্রীষ্ট যীশুর একজন উত্তম সৈনিকের মতো আমাদের সঙ্গে কষ্টভোগ সহ্য করো। যে সৈনিকবৃত্তি নিয়েছে, সে সাংসারিক বিষয়ে নিজেকে জড়িত করে না, কিন্তু সে তার সেনানায়ককেই সন্তুষ্ট করতে চায়। সেরকমই, ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী নিয়ম মেনে না চললে, বিজয়ীর মুকুট লাভ করতে পারে না"** (২ তীমথিয় ২: ১,৩-৫)। একজন ব্যক্তি যিনি পরিচর্যা কাজে আহূত হয়েছেন তিনি তাঁর পরিবারকে সাহায্য করার উদ্দেশে তাঁর কাজকে সম্বন্ধযুক্ত করতে পারেন। কিন্তু তাঁর রাজনীতি, সঙ্ঘ, বাণিজ্য, ক্লাব, ইত্যাদি বিষয়গুলির সঙ্গে নিজেকে জড়িত করা উচিত নয়। এখানে "জড়িত" শব্দটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ, **"কোনো দাস দুজন মনিবের সেবা করতে পারে না। হয় সে একজনকে ঘৃণা করবে ও অন্যজনকে ভালোবাসবে, নয়তো সে একজনের অনুগত হবে এবং অপরজনকে অবজ্ঞা করবে। তোমরা ধন ও ঈশ্বর, উভয়ের সেবা করতে পারবে না"** (লূক ১৬:১৩)।

### গ) প্রেমে চলুন

**"এবং প্রেমে চলো, যেমন খ্রীষ্ট আমাদের ভালোবেসেছেন এবং নিজেকে সুরভিত নৈবেদ্য ও বলিরূপে ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করেছেন"** (ইফিষীয় ৫:২)। ১ করিন্থীয় ১৩ অধ্যায়ে সিদ্ধ প্রেমের বিষয় বলা হয়েছে। **" প্রেম চিরসহিষ্ণু, প্রেম সদয়। তা ঈর্ষা করে না, আত্ম-অহংকার করে না, গর্বিত হয় না। তা রূঢ় আচরণ করে না, স্বার্থ অন্বেষণ করে না, সহজে ক্রুদ্ধ হয় না, অন্যায় আচরণ স্মরণে রাখে না। প্রেম মন্দতায় আনন্দ করে না, কিন্তু সত্যে উল্লসিত হয়। তা সব সময় সুরক্ষা দেয়, সবসময়ই ধৈর্যধারণ করে"** (১ করিন্থীয় ৫: ৪-৭)।

*(ক্রমশঃ, ৯পাতায়)*

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |




# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বরের কাজে আমার আহ্বান My call for God's Work



এস. স্যাম সেলভা

১৬ -১৮ বছর বয়েসে, যখন আমি কিশোর ছিলাম তখন থেকেই পবিত্র আত্মার প্রভাব আমার অভ্যন্তরীণ সত্তাকে রূপান্তরিত করতে শুরু করেছিল। যা টাইপ-রাইটিং, সর্টহ্যাণ্ড এবং ইংরাজী শিক্ষার দ্বারা আমার দক্ষতাকে আরও ধারালো করেছিল। এই বিষয়গুলি আমার বর্তমান পরিচর্যা কাজে খুবই ব্যবহারযোগ্যে রূপান্তরিত হয়েছে। এছাড়াও আমার অনেক ঈশ্বরের প্রকৃত



সিস্টার সারা নবোরোজি



পাস্টর সাধু য়েশুদাস

সন্তানদের জানার সুযোগ হয়েছিল। যেমন, রেভাঃ এস. দেবাদাসান (হেরাল্ড অফ হিজ্ কামিং), পাস্টর সাধু য়েশুদাস (কিরুবাসানাম চার্চ), পাস্টর অব্রাহাম (ইণ্ডিয়ান পেণ্টিকোস্টাল চার্চ), পাস্টর এন. জীবানানধাম (ম্যাজাইঝাচি পত্রিকা) এবং সিস্টার সারা নবারোজি (চেন্নাই)। আমি তাদের পর্যবেক্ষণ করতে এবং তাদের কাছ থেকে আত্মিক সত্যতা, পবিত্র জীবনের প্রতি আকর্ষণ, কঠিন কাজ করার বিষয় দৃঢ়সংকল্প, ধৈর্য, প্রেম, ত্যাগ, নম্রতা, বশীভূত হওয়া, বাধ্যতা, উপবাস, প্রার্থনা এবং ঈশ্বরের সেবা করার বিষয়ে শিখতে সক্ষম হয়েছিলাম।;

যেহেতু আমি তারে পদাঙ্ক অনুসরণ করছিলাম, আমি দৃঢ়তার সঙ্গে উপলব্ধি করেছিলাম যে স্বর্গে আমাদের জন্য যে মঙ্গল বিষয়গুলি মজুত করা আছে তা আমরা এই পৃথিবীতেও উপভোগ করতে পারি।

যেহেতু সেই সময় স্বর্গীয় রেভাঃ এস. দেবাদাসান ( হেরাল্ড অফ হিজ কামিং) আমাকে একটি পত্র লিখেছিলেন, প্রভুর কাজের জন্য তাঁর সঙ্গে যোগদিতে তিনি আমাকে আমন্ত্রণ জানিয়েছিলেন, আমি খুব খুশী হয়েছিলাম কারণ এটি আমার জন্য একটি ভালো ভবিষ্যত হবে, কিন্তু এই বিষয় আমার বাবা মা নীরব ছিলেন। সুতরাং আমি আমার সরল সাক্ষ্য সহভাগিতা করে জীবন যাপন করছিলাম, বরাবরের মতো আমি প্রার্থনা করছিলাম এবং ট্রাকস্ বিতরণ করছিলাম। আমি সম্পূর্ণরূপে প্রভুর কাছে নিজেকে সমর্পণ করেছিলাম এবং এই চ্যালেঞ্জের মধ্যে আমাকে পরিচালিত করার জন্য তাঁর জন্য ধৈর্যসহকারে প্রতিক্ষা করছিলাম।


যখন কোনও পথ খুলছিল না, তখন আমি আমার কয়েক জন বন্ধুর ভালোবাসা পেয়েছিলাম। আমার আত্মিক জীবনে একটা অপ্রত্যাশিত বিপর্যয় এসেছিল। যদিও আমার মধ্যে ঈশ্বরের প্রতি ভয় এবং বিশ্বাস ছিল, আমার কিছু একটা সম্পন্ন করার উচ্চাকাঙ্খা ছিল। তাই আমি আমার ঘরের একটা অংশ রাজনৈতিকভাবে ব্যবহার করার উদ্দেশ্যে আমার বন্ধুদের জন্য আলাদা করে রেখেছিলাম; জন পেরুমাল আসারী, মানিকান্দানের মতো কয়েক জন বন্ধুর সঙ্গে আমি যুক্ত হয়েছিলাম। এমনকি আমি একটি সংস্থা শুরু করেছিলাম এবং এর নাম দিয়েছিলাম সোমবেরি ম্যাদাম (অলস কনভেণ্ট)। এইভাবে আমার জীবন পথচ্যুত হয়েছিল। আমার বাবা মা এবং আত্মিয়রা বুঝতে পারছিলেন না কি করবেন। কিন্তু আমার মা অধ্যবসায়ের সঙ্গে প্রার্থনা করতে শুরু করেছিলেন।



*Pr. S. Sam Selva Raj & Rev. S. Devadasan*

এই পরিস্থিতিতে, রেভাঃ এস. দেবাদাসান, যখন তাঁর বয়েস ৬২ বছর, সাদা পোষাক পরে, ছাতা মাথায় দিয়ে এবং হাতে একটি বাইবেল নিয়ে একদিন সকালে আমার ঘরে এসেছিলেন। সেই সময় আমি আমাদের ঘরে তাঁকে প্রত্যাশা করিনি। কেবল একবারই আমি তাঁকে তাঁর অফিসে দেখেছিলাম। তাঁকে দেখে আমি ভীত হয়েছিলাম এবং আমার মায়ের পেছনের দিকে লুকিয়েছিলাম। পাস্টর ভালোবাসার সঙ্গে এবং গাম্ভীর্যের সঙ্গে আমার দিকে এবং আমার ঘরের দিকে তাকিয়েছিলেন। তারপর তিনি আমার এবং আমার মায়ের দিকে তাকিয়েছিলেন, তিনি বলেছিলেন "ঈশ্বর এই বালকটিকে তাঁর সেবার জন্য আহ্বান করছেন। এই বালক, স্যাম সেলভা রাজ আগামীকাল সকাল ৯টার সময় অবশ্যই আমার অফিসে আসবে।" তারপর তিনি প্রার্থনা করেছিলেন এবং আমাদের ঘর থেকে চলেগিয়েছিলেন।

সেই সময় থেকে আমাদের পরিবার আনন্দে ছিল। একটি মিষ্টি সৌরভ আমাদের ঘরকে পরিপূর্ণ করেছিল। ঐ দিন, আমি আমার সমস্ত বন্ধুদের আমন্ত্রণ জানিয়েছিলাম, আমার মা তাদের জন্য এক মহাভোজ প্রস্তুত করেছিলেন। আমি তাদের বলেছিলাম






আমি **“অলস কনভেন্ট”** ছেড়ে চলে যাচ্ছি এবং তাদের কাছ থেকে শুভ বিদায় গ্রহণ করেছিলাম। তারা শোকাহত হয়েছিল এবং আমাকে কোনও উত্তর দিতে পারেনি, তারা চলে গিয়েছিল।

পরদিন আমি রেভাঃ দেবাদাসনের আদেশ অনুসারে তাঁর কাছে গিয়েছিলাম। আমি তাঁর আত্মিক পুত্রে পরিণত হয়েছিলাম এবং তাঁর একজন নম্র সেবক হয়েছিলাম। আমি তাঁর প্রত্যেকটি চালচলন পর্যবেক্ষণ করতে শুরু করেছিলাম এবং আমি তাঁর একজন নম্র সাহায্যকারী হয়েছিলাম। তাঁকে অনুসরণ করে, আমি জানুপাত করতে এবং দীর্ঘ সময় প্রার্থনা করতে শুরু করেছিলাম, দীর্ঘ সময় উচ্চরবে বাইবেল পাঠ করতে, ধ্যান করতে এবং ঈশ্বর আমার সঙ্গে যে যে বিষয়ে কথা বলেছেন তা লিখতে শুরু করেছিলাম।



ভবিষ্যতে ঈশ্বর আমাকে কীভাবে ব্যবহার করবেন সেই বিষয়টি আগে থেকে দেখে, রেভাঃ এস. দেবাদাসান আমাকে কঠোরভাবে ঈশ্বরের ধার্মিকতা, পবিত্রতার পথে চালিত করেছিলেন, এবং পতিত আত্মাদের জন্য আমার উপর বোঝা দিয়েছিলেন। এছাড়াও তিনি আমাকে সত্য পথে থাকার, প্রার্থনার জীবন এবং বাক্যের ধ্যানের বিষয় শিক্ষা দিয়েছিলেন। এছাড়াও তিনি আমাকে কীভাবে আন্তরিকভাবে ঈশ্বরের সেবা করতে হয়, পবিত্র জীবন কী, কোনও টাকা ছাড়াও কীভাবে ঈশ্বরের পরিচর্যা কাজে পরিশ্রম করা যায় এবং ঈশ্বরের বাক্য অনুসারে কীভাবে অনুদান তোলা যায় সেই বিষয়ে স্পষ্টভাবে শিক্ষা দিয়েছিলেন। এছাড়াও তিনি ঐ বিষয়গুলি অনুশীলন করার বিষয়ে প্রশিক্ষণ দিয়েছিলেন।

************

---

*(ক্রমশঃ ৭ম পৃষ্ঠার পর থেকে)*

### ঘ) ধার্মিক ব্যক্তিদের নিম্নলিখিত বিষয়গুলির সঙ্গে যুক্ত হওয়া উচিত নয়

লাম্পট্য এবং অশুচিতার বিষয়গুলি, অর্থের অভিলাষ ইত্যাদি পবিত্র লোকদের বিরুদ্ধে এই বিষয়গুলি নিয়ে কথা বলা উচিত নয়। আর এমনকী এই বিষয়গুলি তাদের সঙ্গে যুক্ত হওয়া উচিত নয়। একইভাবে, লাগাম ছাড়া কথাবার্তা, ভ্রান্ত কথোপকথন, ঠাট্টা তামাশা ইত্যাদি বিষয়গুলি এড়িয়ে চলতে হবে। **“কিন্তু, তোমাদের মধ্যে যেন বিবাহ-বহির্ভূত যৌনাচার, কোনও ধরনের কলুষতা বা লোভের লেশমাত্র না থাকে। কারণ ঈশ্বরের পবিত্র জনেদের পক্ষে এ সমস্ত অনুচিত কর্ম। কোনও রকম অশ্লীলতা, নির্বোধের মতো কথাবার্তা বা স্থুল রসিকতা যেন শোনা না যায়, কারণ এ-সবই অসঙ্গত; বরং ধন্যবাদ জ্ঞাপন করো”** (ইফিষীয় ৫:৩,৪)।

### ঙ) যে ব্যক্তিদের যীশুতে কোনও অংশ নেই

যারা ব্যভিচারে, অশুচিতায় এবং অর্থের প্রতিমাপূজায় লিপ্ত তারা ঈশ্বরের রাজ্যে প্রবেশ করতে পারবে না। **“কোনও রকম অশ্লীলতা, নির্বোধের মতো কথাবার্তা বা স্থুল রসিকতা যেন শোনা না যায়, কারণ এ-সবই অসঙ্গত; বরং ধন্যবাদ জ্ঞাপন করো। কারণ এ ব্যাপারে তোমরা নিশ্চিত হতে পারো যে, বেশ্যাসক্ত, অশুদ্ধচারী বা লোভী ব্যক্তি প্রতিপূজকের মতো; খ্রীষ্টের ও ঈশ্বরের রাজ্যে তাদের কোনও অধিকার নেই”** (ইফিষীয় ৫:৪,৫)। ঈশ্বরীয় কবি, তিরুবাল্লুবার বলেছেন: “ পুরুষদের দাড়িগোঁফ সম্পূর্ণ চেঁচে দেওয়া অথবা নারীদের দীর্ঘকেশ কেটে দেওয়া হয় না। যদি এই বিষয়গুলি বিলুপ্ত হয়ে যায়, পৃথিবী তা ঘৃণা করে”। সম্পূর্ণ দাড়িগোঁফ উড়িয়ে দেওয়ার বিষয়টিকে ভুল প্রতিনিধিত্ব করবেন না। নিষিদ্ধ বিষয়গুলির মধ্যে লিপ্ত না হওয়ার বিষয়টি সব সময় উত্তম। **“এই লোকেরা ওষ্ঠাধরে আমাকে সম্মান করে, কিন্তু তাদের হৃদয় থাকে আমার থেকে বহুদূরে। বৃথাই তারা আমার উপাসনা করে; তাদের শেখানো নিয়ম নীতিগুলি তত্ত্বশিক্ষা বলে শিক্ষা দেয়”** (মথি ১৫:৮,৯)।

### চ) জীবন্ত বলিদান

প্রেরিত পৌল আমাদেরকে অনুরোধ করেছেন যে আমরা যেন আমাদের শরীরকে একটি জীবন্ত,পবিত্র, ঈশ্বরের কাছে গ্রাহ্য বলিরূপে উপস্থাপন করি। **“আর তোমরা এই জগতের রীতি অনুযায়ী চলো না, কিন্তু তোমাদের মনে নবীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও। তখন তোমরা ঈশ্বরের ইচ্ছাকে যাচাই ও অনুমোদন করতে পারবে, যা উৎকৃষ্ট, প্রীতিজনক ও সিদ্ধ”** (রোমীয় ১২:২)। সুতরাং আমাদের অবশ্যই জগতের রীতি অনুযায়ী চলা বন্ধ করতে হবে এবং রূপান্তরিত হওয়া শুরু করতে হবে।

এই চূড়ান্ত অভিজ্ঞতাগুলি কঠিন বলে মনে হতে পারে, কিন্তু যারা এই অভিজ্ঞতাগুলির মধ্যে এসেছেন তারা ঈশ্বরের শান্ত রব শুনতে পারেন। লোকদের মধ্যেই ঈশ্বরের সমাগম তাম্বু। তিনি তাদের মধ্যে বাস করবেন। তারা তাঁর প্রজা হবে। **“...ঈশ্বর স্বয়ং তাদের সঙ্গে থাকবেন এবং তাদের ঈশ্বর হবেন”** (প্রকাশিত বাক্য ২১:৩)। ঈশ্বর এই পৃথিবীতেও যেন আমাদের এই অভিজ্ঞতা দেন! আমেন।

## মনোনীত

ভারতে খ্রীষ্টধর্মের বয়েস ২০০০ বছর। এটি এখন ইউরোপীয়দের দ্বারা আসেনি। এটি প্রথম শতাব্দীতে সাধু থোমার মাধ্যমে এসেছিল। খ্রীষ্টধর্ম শ্বেতাঙ্গদের ধর্ম নয়।

“মনে রাখবেন, সাধু থোমা যখন ভারতে এসেছিলেন, ইউরোপের অসংখ্য দেশ তখনও খ্রীষ্টান হয়নি, এবং সেই কারণে যে ভারতীয়রা তাঁর মধ্যে তাদের খ্রীষ্টধর্মের বিষয়টির নিদর্শন খুঁজে পাওয়ার চেষ্টা করে তাদের জন্য ইউরোপীয় অসংখ্য দেশগুলির খ্রীষ্টানদের থেকে অনেক দীর্ঘ ইতিহাস এবং বংশ আছে। আর এটি আমাদের কাছে গর্বের বিষয় যে এটি ঘটেছিল”।

**- ডঃ. রাজেন্দ্র প্রসাদ, ভারতের প্রথম রাষ্ট্রপতি, ১৮ই ডিসেম্বর ১৯৫৫।**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## WANTED

1. An efficient Post Graduate with experience for the post of **PRINCIPAL** for our Matriculation School.
2. An efficient and well experienced **ASSISTANT** for our Office with knowledge of Typing and Computer.

Contact : ECHO OF HIS CALL

Cell : 98412 71858
E.mail : sam@echoofhiscall.org

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATION ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 13th** AUGUST, 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**